# ভোটার স্থানান্তর কার্যক্রম আবার চালুর সিদ্ধান্ত ইসির




ছবি: সংগৃহীত

আবাসস্থল পরিবর্তনের কারণে ভোটার স্থানান্তরের আবেদন গ্রহণ ও নিষ্পত্তির কার্যক্রম আবার শুরু করার সিদ্ধান্ত নিয়েছে নির্বাচন কমিশন (ইসি)।

বুধবার (২৩ সেপ্টেম্বর) নির্বাচন কমিশন সচিবালয়ের সিনিয়র সহকারী সচিব মো. নাসির উদ্দিন চৌধুরী স্বাক্ষরিত এক নির্দেশনায় এ সিদ্ধান্তের কথা জানানো হয়।

নির্দেশনায় বলা হয়েছে, ভোটার স্থানান্তরের আবেদন ১০ সেপ্টেম্বরের মধ্যে নিষ্পত্তির জন্য গত ২ সেপ্টেম্বর নির্দেশনা দেওয়া হয়েছিল। মাঠপর্যায়ে আবাসস্থল পরিবর্তনের বিষয়টি বিবেচনায় নিয়ে এখন ভোটার স্থানান্তর কার্যক্রম পুনরায় চালুর সিদ্ধান্ত নেওয়া হয়েছে।

ইসির এই নির্দেশনা দেশের সব উপজেলা ও থানা নির্বাচন কর্মকর্তার কাছে পাঠানো হয়েছে।

LENS ASIA